দৈনিক ইনকিলাব

তারিখ ... 23 FEB 2009 ...
পৃষ্ঠা ... ৩ ...

### চট্টগ্রামে মতবিনিময় সভায় শিক্ষামন্ত্রী

# শিক্ষাখাতে কোন অনিয়ম দুর্নীতি সহ্য করা হবে না

চট্টগ্রাম ব্যুরো ঃ শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা খাতে কোন রকম অনিয়ম-দুর্নীতি সহ্য করা হবে না। শিক্ষার ক্ষেত্রে দুর্নীতি বড় ব্যাধি। মুষ্টিমেয় কিছু লোক দুর্নীতির সাথে জড়িত। শিক্ষা মন্ত্রণালয়ে দুর্নীতি- অনিয়ম চলতে পারবে না। শিক্ষা মন্ত্রণালয়ে সর্বক্ষেত্রে স্বচ্ছতা জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। তিনি গতকাল (রোববার) চট্টগ্রাম সার্কিট হাউসে চট্টগ্রামের শিক্ষাবিদ এবং সরকারী শিক্ষা কর্মকর্তাদের সাথে প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক মতবিনিময় সভায় বক্তব্য রাখছিলেন। সাম্প্রতিক পাঠ্যপুস্তকের সংকটের জন্য একশ্রেণীর মুনাফালোভী এবং কারো কারো ইচ্ছাকৃতভাবে সরকারকে বিব্রত করার অপচেষ্টাকে দায়ী করে তিনি বলেন, এ বিষয়ে আমাদের কিছুই করার ছিল না। আগের সরকারের ধারাবাহিকতা অনুযায়ী আমরা এ দায় কাঁধে নিয়েছি। তবে সঙ্কট উত্তরণের সব পদক্ষেপ নেয়া হয়েছে। এজন্য আরো এক কোটি বই বাজারে ছাড়া হবে। শিক্ষামন্ত্রী বলেন, দ্রুততম সময়ে শিক্ষানীতি প্রণয়ন করা হবে। কুদরত-ই-খুদা কমিশনের আলোকে গঠিত ১৯৯৬ সালের শিক্ষানীতিকে ভিত্তি ধরে কয়েক মাসের মধ্যে একটি কমিটি গঠন করা হবে। মাদরাসায় ধর্ম শিক্ষার পাশাপাশি নতুন সিলেবাস এবং ইংরেজি মাধ্যমে প্রয়োজনে অনুবাদ করে হলেও নতুন সিলেবাস পড়াতে হবে। জেলা প্রশাসক মোঃ আশরাফ শামীমের সভাপতিত্বে সভায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব বদরুল আলম তরফদার, অধিদপ্তরের মহাপরিচালক শিমুল কান্তি ঘোষ, ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর ইনাম উল হক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রো-ভিসি ড. আবু ইউসুফ আলম, প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. অনুপম সেন প্রেসক্লাব সভাপতি আবু সুফিয়ান, শিক্ষা কর্মকর্তা রোজিনা রহমান প্রমুখ।